'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

PG 1st Semester Examination, 2024

## বাংলা

### প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য

### CORE: BANGCCT0103N

সময়- ২ ঘণ্টা পূর্ণমান- ৪২

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও**

১। চর্যাপদের মধ্যে 'তরুবর', 'মোহতরু', 'পাটি', 'নই', 'সাঙ্কম', 'টাঙ্গী', 'হরিণা', 'হরিণী', 'বন', 'নাবী', 'খুন্টি', 'কাচ্ছী', 'কেডুআল', 'সোনে' ও 'রূপা' ইত্যাদি লৌকিক জীবনের উপাদানগুলিকে সুন্দরভাবে তত্ত্বময় আধ্যাত্মিক দর্শনের ব্যাখ্যায় কাজে লাগানো হয়েছে — আলোচ্য মন্তব্যের নিরিখে 'চর্যাপদ'-এর পাঠ্য পদগুলি বিশ্লেষণ করো। ১০

অথবা

''সরবর ভাঞ্জীঅ ডোম্বী খাঅ মোলাণ। ১+২+৭

মারমি ডোম্বী লেমি পরাণ''

— উদ্ধৃতিটি 'চর্যাপদ'-এর কত নম্বর পদের অংশ ? 'ডোম্বী' কে কেন হত্যা করা হবে ? আলোচ্য পদের বাচ্যার্থ ও গূঢ়ার্থ — ব্যাখ্যা করো।

২। 'শ্রীকৃষ্ণকীর্তনে' নাট্যধর্ম ঘনীভূত হয়েছে 'বংশীখণ্ডে', এবং গীতিধর্ম প্রাধান্য পেয়েছে 'রাধাবিরহে'। খণ্ড দুটির সাহায্যে বক্তব্যটির যথার্থতা দেখাও। ১০

অথবা

এ রূপ যৌবন লআঁ কথাঁ মোএঁ জাওঁ। মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ — উদ্ধৃতিটি কোন পদের অংশ ? 'মেদিনী বিদার দেউ' ইত্যাদি বাক্যাংশে কবি কোন প্রাচীন প্রসঙ্গ স্মরণ করেছেন ? উদ্ধৃত ছত্রদুটি অবলম্বনে কবির মনোভাব যুক্তিসহ লেখো। ১০

৩। 'তিন সুখ আস্বাদিতে হব অবতীর্ণ' — এখানে 'তিন সুখ' কী কী ? কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের আদি লীলা চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে চৈতন্য-অবতারতত্ত্ব আলোচনা করো। ১০

অথবা

চৈতন্য মহাপ্রভু ও রায় রামানন্দের মধ্যে যে সাধ্য সাধনতত্ত্ব আলোচনা হয়েছিল তার 'এহো বাহ্য'-এর স্তর থেকে 'সর্বোত্তম' স্তরে পৌঁছানোর পর্বটি দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১০

Maynaguri College Library

৪। নিম্নলিখিত যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩ = ১২

(ক) ‘বাম দাহিণ চাপী মিলি মিলি মাগা
বাটত মিলিল মহাসুখ সঙ্গা’ — কত নম্বর পদের অংশ ? উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) ‘তিণ ন চ্ছুপই হরিণা পিবই ন পানী’ — ‘হরিণা’-র এরূপ হওয়ার কারণ কী ?

(গ) ‘‘ভাঁগিল সোনার ঘট যুড়ীবাক পারী।
উত্তম জনের নেহা তেহেন মুরারী॥’’ — ‘নেহা’ শব্দের মানে কি ? উদ্ধৃতিটির তাৎপর্য লেখো।

(ঘ) ‘লাগ পায়িলে তাক বুলিহ কাকুকরী
গোয়ালী বৈকলী হৈল বনে একসরী ল॥’’ — এ কথা কে, কার উদ্দেশে, কেন বলেছেন – বুঝিয়ে দাও।

(ঙ) ‘আত্মেন্দ্রিয় প্রীতি ইচ্ছা তারে বলে কাম।
কৃষ্ণেন্দ্রিয় প্রীতি ইচ্ছা ধরে প্রেম নাম॥’ — পংক্তি দুটির মূলভাব বিবৃত করো।

(চ) ‘পহিলে যে দেখি তোমা সন্ন্যাসী স্বরূপ।
এবে যে দেখি তোমা শ্যাম গোপ রূপ॥’ — রায় রামানন্দের এরূপ উক্তি করার কারণ কী, নিরূপণ করো।

——×——

Maynaguri College Library